

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২২৩১

তারিখ

০৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুন ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৮ জানুয়ারি, ২০১৭ তারিখে উদ্বোধনকৃত দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা (Financial Literacy) কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) দেশের সকল বিভাগীয় শহরে পর্যায়ক্রমে বিনিয়োগকারী ও উদ্যোক্তা শিক্ষা কনফারেন্স আয়োজনের পরিকল্পনা করেছে। এর অংশ হিসেবে আগামী ২২ জুলাই, ২০১৭ তারিখে মুন লাইট গার্ডেন, কনভেনশন সেন্টার, মুন লাইট গার্ডেন ভবন, সাহেব বাজার (বড় মসজিদের দক্ষিণে), রাজশাহীতে বিভাগীয় কনফারেন্স অনুষ্ঠিত হবে। কমিশনের চেয়ারম্যান মহোদয় ড. এম, খায়রুল হোসেন উক্ত কনফারেন্স এর শুভ উদ্বোধন করবেন।

দিনব্যাপী অনুষ্ঠিতব্য এই কনফারেন্স দুইটি সেশনে বিভক্ত থাকবে। প্রথম সেশনটি (সকাল ১০:৩০-দুপুর ১:০০) এবং দ্বিতীয় সেশনটি (দুপুর ২:০০-বিকাল ৪:৩০) অনুষ্ঠিত হবে। মূলত: রাজশাহীর স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করার লক্ষ্যে এই কনফারেন্সের আয়োজন করা হয়েছে।

কনফারেন্স চলাকালে একইস্থানে বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭ অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত বিনিয়োগ শিক্ষা মেলায় পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ সক্রিয় অংশগ্রহণ করবে আশা করা যাচ্ছে।


২০/০৬/২০১৭
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র